বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭৬

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের সমসাময়িক অর্থনৈতিক বিষয়সমূহ যথা সমসাময়িক অর্থনৈতিক সূচক ও মধ্যমমেয়াদি প্রক্ষেপণ, আর্থিক খাতের উন্নয়ন, পুঁজিবাজারের সামগ্রিক উন্নয়ন এবং সুশাসন বিষয়ে অদ্য ১২ ডিসেম্বর, ২০২১ তারিখে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) Article IV এর আওতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে সভা অনুষ্ঠিত হয়। কমিশনের পক্ষে ড. শেখ সামসুদ্দিন আহমেদ, কমিশনার এর নেতৃত্বে আইএমএফ-এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের আবাসিক প্রতিনিধি জনাব জয়ন্দু দে এবং ডিভিশন চিফ জনাব রাহুল আনন্দসহ ৬ সদস্যের একটি প্রতিনিধি দলের সাথে ফলপ্রসু আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় বিশেষত পুঁজিবাজারের মাধ্যমে সামষ্টিক অর্থনীতির মুলধন যোগান, সম্ভাবনাময় উদ্যোক্তা তৈরি, পুঁজিবাজারে মূলধন প্রবাহ বাড়াতে নতুন ধরনের সিকিউরিটিজ চালু করা এবং বিষেশত Fixed Income Securities এর বাজার বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এছাড়াও বাজারের গভীরতা এবং তারল্য বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা হয়।

আলোচনায় ড. শেখ সামসুদ্দিন আহমেদ পুঁজিবাজারের উন্নয়নে বিগত এক বছরে কমিশনের সার্বিক কর্মকান্ডের বর্ণনা দেন। পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন ও বিধিমালা সংশোধন এবং প্রণয়নসহ গভর্নেন্স উন্নয়নের জন্য গৃহীত বিবিধ কার্যক্রম অবহিত করা হয়। স্বল্পমূলধনী কোম্পানির জন্য আলাদা প্ল্যাটফর্ম চালু, ওটিসি মার্কেটের বিষয়ে গৃহীত পদক্ষেপ, কর্পোরেট বন্ড এর মাধ্যমে মূলধন প্রবাহ বৃদ্ধি এবং অধিকতর স্বচ্ছতার জন্য সমভাবে আইনের প্রয়োগের বিষয়ে কমিশনের দৃঢ় মনোভাবের কথা পুনর্ব্যক্ত করেন। এছাড়া Fixed Income Securities তথা বন্ড মার্কেটের মাধ্যমে মিউনিসিপাল বন্ড, বিভিন্ন কমিউনিটি বেইজড সেবা খাতের অর্থায়নে বন্ড এবং ইনফ্রাস্ট্রাকচার বন্ড এর মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে বড় উন্নয়ন প্রকল্পসমূহের প্রয়োজনীয় ক্রমবর্ধমান অর্থায়নের চাহিদা মেটাতে কমিশনের ইচ্ছার কথা ব্যক্ত করেন।

পুঁজিবাজারের সার্বিক উন্নয়নে কমিশনের পক্ষ থেকে যেকোন প্রয়োজনে সহায়তার জন্য আইএমএফ এর প্রতিনিধি দল কমিশনকে আশ্বস্ত করেন।

12-12-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd